

বাগছাস থেকে ‘ছাত্রশক্তি’

# নাম বদলের পর সংগঠনে আসছে নতুন নেতৃত্ব

আবির হাকিম

প্রকাশ : ২৬ অক্টোবর ২০২৫, ০১:২২



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়কদের একটি অংশের উদ্যোগে গত ফেব্রুয়ারিতে গঠিত বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ (বাগছাস) গত বৃহস্পতিবার নাম পরিবর্তন করে ‘জাতীয় ছাত্রশক্তি’ করেছে। নতুন নাম ঘোষণার সঙ্গে সংগঠনটি জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর সহযোগী হিসেবে কার্যক্রম পরিচালনার আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে।

দৈনিক ইন্ডেকারের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

সংগঠনটির পুনর্গঠন ও ভবিষ্যৎ রাজনৈতিক কৌশল নির্ধারণের জন্য বৃহস্পতিবার শাহবাগের আবু সাঈদ কনভেনশন সেন্টারে জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে নতুন নাম ঘোষণা করেন জুলাই গণ-অভ্যুত্থানের শহিদ মাহমুদুর রহমান সৈকতের বোন সাবরিনা আক্তার সেবন্তি। তবে সেদিন নতুন কোনো কমিটি ঘোষণা করা হয়নি।

ছাত্রশক্তি ও এনসিপি সূত্রে জানা গেছে, সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক এই তিনি পদকে শীর্ষ পদ ধরে দুই-তিনি দিনের মধ্যে নতুন কমিটি ঘোষণা করা হবে। একই সঙ্গে ঢাকা, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর ও রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং ঢাকা ও চট্টগ্রাম মহানগরের কমিটিও গঠন করা হবে। ছাত্রশক্তির বর্তমান কমিটির আহ্বায়ক আবু বাকের মজুমদার এবং

সদস্যসচিব জাহিদ আহসানের মধ্য থেকে যে কোনো একজন সভাপতি হবেন। সাধারণ সম্পাদক করা হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আহ্বায়ক আব্দুল কাদের এবং সদস্যসচিব হবেন মহির আলম অথবা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কমিটির সদস্য সচিব আবু তৌহিদ মো. সিয়াম।

এ বিষয়ে জানতে চাইলে এনসিপির যুগ্ম-সদস্যসচিব আবদুল্লাহ আল আমিন বলেন, সংগঠনটি গণতান্ত্রিক ছাত্রসংসদ থেকে জাতীয় ছাত্রশক্তি নামে আত্মপ্রকাশ করেছে এবং কম সময়ের মধ্যেই নতুন নেতৃত্বও আসবে। সদস্যসচিব জাহিদ আহসান জানিয়েছেন, সকল পর্যায়ের নেতাকর্মীদের মতামতের ভিত্তিতে নতুন কমিটি নির্বাচিত হবে।

জুলাই অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের অনেকেই গণতান্ত্রিক ছাত্রসংসদের নেতা ছিলেন। অভ্যুত্থানের পর কার্যক্রম স্থগিত হয়ে যায়। চলতি বছরের ফেব্রুয়ারিতে সমন্বয়কদের একটি অংশের উদ্যোগে গণতান্ত্রিক ছাত্রসংসদ পুনরায় গঠন করা হলেও তা সাধারণ মানুষের মধ্যে আগ্রহ তৈরি করতে পারেনি। নাম পরিবর্তনের পর সংগঠনটি কার্যত এনসিপির ছাত্রসংগঠন হিসেবে পরিচিত হলেও এবার ঘুরে দাঁড়াবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।